

অনুষ্ঠিত হতে যাচ্ছে, ৯ম মেডিটেক্স বাংলাদেশ ইন্টারন্যাশনাল এক্সপো ২০১৬

২য় বাংলাদেশ ক্লিনিক্যাল ল্যাব এক্সপো ২০১৬

ইন্টারন্যাশনাল হেল্থ ট্যুরিজম এন্ড সার্ভিস এক্সপো ২০১৬ এবং

৫ম ফার্মা বাংলাদেশ ইন্টারন্যাশনাল এক্সপো ২০১৬

আন্তর্জাতিক আয়োজক সংস্থা, কনফারেন্স এন্ড এক্সিবিশন ম্যানেজমেন্ট সার্ভিসেস লিঃ- সেমস্ গ্লোবাল আয়োজন করতে যাচ্ছে ৯ম মেডিটেক্স বাংলাদেশ ইন্টারন্যাশনাল এক্সপো ২০১৬, ২য় বাংলাদেশ ক্লিনিক্যাল ল্যাব এক্সপো ২০১৬, ইন্টারন্যাশনাল হেল্থ ট্যুরিজম এন্ড সার্ভিস এক্সপো ২০১৬ এবং ৫ম ফার্মা বাংলাদেশ ইন্টারন্যাশনাল এক্সপো ২০১৬। আগামী ৫-৭ মে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে তিন দিনব্যাপী এই আন্তর্জাতিক প্রদর্শনী অনুষ্ঠিত হবে।

বাংলাদেশে স্বাস্থ্যখাতের সর্ববৃহৎ এই প্রদর্শনীতে থাকছে মেডিক্যাল, সার্জিক্যাল, হেল্থ কেয়ার, ক্লিনিক্যাল ল্যাব ইকুইপমেন্ট এবং ফার্মাসিউটিক্যাল ইকুইপমেন্ট এর বিশাল সমাহার। এছাড়াও হেল্থ ট্যুরিজম ও সার্ভিস উপকরণের জন্য থাকছে বিশেষ আয়োজন। প্রায় ২০০টি স্টলে সাজানো এই আন্তর্জাতিক প্রদর্শনীতে বিশ্বের ১৯টি দেশ অংশগ্রহণ করছে। প্রদর্শনীগুলো ভোক্তা এবং উদ্যোগজ্ঞদের জন্য একটি যুগোপযোগী প্লাটফর্ম, যেখানে কার্যকরী যোগাযোগের মাধ্যমে উদ্যোগজ্ঞারা নতুন নতুন প্রযুক্তির সাথে পরিচিত হতে পারবেন।

স্বাস্থ্যখাতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে নিজেদের সম্ভাবনার ক্ষেত্রগুলো যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের স্বার্থে উক্ত প্রদর্শনী যুগান্তকারী ভূমিকা রাখতে পারে। উদ্যোক্তা, প্রদর্শক ও দর্শনার্থীদের সরাসরি সাক্ষাৎ এবং আলাপচারিতার এই সুযোগের ফলে ভোক্তা, উদ্যোক্তা, আমদানিকারক, সরবরাহকারীদের মধ্যে একটি নতুন সম্পর্কের সেতুবন্ধ গড়ে উঠবে যা বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হবে। উক্ত প্রদর্শনী বাংলাদেশে বিনিয়োগের জন্য বিদেশী উদ্যোক্তাদের উৎসাহিত করতে সহায়ক ভূমিকা পালন করবে। এসোসিয়েশন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি অব ইন্ডিয়া- এএসএসওসিএইচএএম ইন্ডিয়া এই প্রদর্শনীতে অংশগ্রহণ করছে।

উল্লেখ্য যে, ১৯৯২ সালে প্রতিষ্ঠার পর হতে সেমস্ গ্লোবাল বিগত ২৪ বছরেরও বেশি সময় ধরে দক্ষিণ এবং দক্ষিণ-পূর্ব এশিয়ায় বহুজাতিক প্রদর্শনী আয়োজক প্রতিষ্ঠান হিসেবে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। বর্তমানে সংস্থাটি ৮টি দেশে নিজস্ব অফিস পরিচালনার পাশাপাশি ৬টি দেশে বছরে ৪০টিরও বেশি আন্তর্জাতিক মানের প্রদর্শনীর আয়োজন করছে। মেডিটেক্স বাংলাদেশ ইন্টারন্যাশনাল এক্সপো, বাংলাদেশ ক্লিনিক্যাল ল্যাব এক্সপো, ইন্টারন্যাশনাল হেল্থ ট্যুরিজম এন্ড সার্ভিস এক্সপো এবং ফার্মা বাংলাদেশ ইন্টারন্যাশনাল এক্সপো একটি সিরিজ এক্সিবিশন যা সেমস্ গ্লোবাল ধারাবাহিকভাবে শ্রীলংকায় আয়োজন করে থাকে।

উক্ত প্রদর্শনীর প্লাটিনাম স্পন্সর ইন্ডিয়ার “অক্সিমেন্ট হসপিটাল প্রাইভেট লি:”, ব্রডকাস্ট পার্টনার- ‘ইন্ডিপেন্ডেন্ট টেলিভিশন’, রেডিও পার্টনার “পিপলস রেডিও”, মিডিয়া পার্টনার “দৈনিক সমকাল” আন্তর্জাতিক মিডিয়া পার্টনার “মেডিনফো চায়না”, ক্রিয়েটিভ পার্টনার “মার্কেট এজ লি:”, আইটি পার্টনার “আমার টেক” এবং রিসার্চ পার্টনার “এট আর্থ প্রা: লি:”।

প্রদর্শনী প্রতিদিন সকাল ১০.৩০ থেকে রাত ৭.৩০ পর্যন্ত সকলের জন্য উন্মুক্ত থাকবে।

----- (সমাপ্ত)